১৬।

তারিখ ... 10 DEC 1995 ...
পৃষ্ঠা ... ৭ ... কলাম ... ৬ ......

দৈনিক ইত্তেফাক

# এসএসসি পরীক্ষার ফি বাড়িবে না

১৯৯৬ সালে এসএসসি পরীক্ষার ফি বাড়িবে না। সরকার দেশের সার্বিক আর্থ-সামাজিক অবস্থা বিবেচনা করিয়া ১৯৯৬ সালের এসএসসি পরীক্ষার 'ফি'

( ২য় পৃঃ ৪-এর কঃ দ্রঃ )

## এসএসসি পরীক্ষায়

( ১ম পৃঃ পর )

না বাড়াইয়া ১৯৯৫ সালের অনুরূপ রাখার সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে। প্রতি পরীক্ষার্থীর জন্য নির্ধারিত পরীক্ষার 'ফি' বিজ্ঞান বিভাগ (নিয়মিত) ৫৪০ টাকা, বিজ্ঞান বিভাগ (অনিয়মিত) ৬১৫ টাকা, সমাজবিজ্ঞান বিভাগ (নিয়মিত) ৫০০ টাকা এবং সমাজবিজ্ঞান বিভাগ (অনিয়মিত) ৫৭৫ টাকা। কোন পরীক্ষার্থীর ব্যবহারিক ছাড়া চতুর্থ বিষয় থাকিলে তাহাকে অতিরিক্ত ৩৫ টাকা দিতে হইবে এবং ব্যবহারিকসহ চতুর্থ বিষয়ের জন্য অতিরিক্ত ৫৫ টাকা লাগিবে। ইহাছাড়া বিভাগ উন্নয়ন পরীক্ষার্থীদের জন্য অতিরিক্ত ৯০ টাকা প্রদান করিতে হইবে। স্কুল কর্তৃপক্ষ এসএসসি পরীক্ষার্থীদের নিকট হইতে মার্চ '৯৬ পর্যন্ত বেতন গ্রহণ করিতে পারিবে এবং কোন অবস্থাতেই মার্চ '৯৬-এর পরবর্তী সময়ের কোন বেতন গ্রহণ করিতে পারিবে না। নির্বাচনী পরীক্ষায় সকল বিষয়ে উত্তীর্ণরাই শুধু ১৯৯৬ সালের এসএসসি পরীক্ষায় অংশগ্রহণ করিতে পারিবে।—তথ্য বিবরণী